



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ জুলাই' ২০২৩ খ্রি.

স্বাধীনতার সাথে জড়িয়ে আছে মোহাম্মদ ইসহাক মিয়ার নাম: মেয়র রেজাউল

বাংলাদেশের স্বাধীনতার সাথে বঙ্গবন্ধুর স্বেচ্ছন্য রাজনৈতিক মো. ইসহাক মিয়ার নাম জড়িয়ে আছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার সকালে চট্টগ্রাম সিটি মেয়র কাউন্সিলরদের নিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সংসদ সদস্য ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় উপদেষ্টা মণ্ডলীর সাবেক সদস্য মো. ইসহাক মিয়ার ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষে কবরস্থানে ফুল দিয়ে শ্রদ্ধা জানান।

এ সময় মেয়র বলেন, ১৯৫২ সালের বাংলা ভাষা আন্দোলন, ১৯৫৪ সালের যুক্তফন্ট নির্বাচন, ১৯৫৮ সালের সামরিক শাসনের বিরুদ্ধে আন্দোলন, ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন সহ ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলনে সম্মুখসারিতে থেকে নেতৃত্ব দেন মোহাম্মদ ইসহাক মিয়া। তিনি বঙ্গবন্ধুর আহবানে তিনি চট্টগ্রামে মুক্তিযুদ্ধ সংগঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। এজন্য বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ইতিহাসের পাতায় চট্টগ্রামের কৃতি সন্তান মোহাম্মদ ইসহাক মিয়ার নাম স্বর্ণক্ষরে লেখা থাকবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন প্যানেল মেয়র শিয়াস উদ্দিন, কাউন্সিলর গোলাম মোঃ জোবায়ের, নাজমুল হক (ডিউক), শাহেদ ইকবাল বাবু, গাজী মোঃ শফিউল আজিম, মোহাম্মদ ইসমাইল, আবুল হাসনাত মোঃ বেলাল, জাফরুল হায়দার সুরজ, আবদুস সালাম মাসুম, আবদুল মানান এবং চসিকের উপ-সচিব আশেক রহুল টিপু।

উল্লেখ্য, মোহাম্মদ ইসহাক মিয়া আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য ও মুক্তিযুদ্ধের সংগঠক ছিলেন। দীর্ঘ সময় চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহসভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেছেন তিনি। তিনি ১৯৭০ সালের তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে গণপরিষদ সদস্য নির্বাচিত হন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেন। ১৯৭০ সালের সংসদ সদস্য হিসেবে ১৯৭২ সালে জাতীয় সংসদে যোগদান করেন এবং চট্টগ্রাম সমুদ্র বন্দরের প্রশাসক নিযুক্ত হন এবং ১৯৮৬ সালে চট্টগ্রাম-৮ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন।

৩ কোটি ৬৩ লাখ টাকায় সংক্ষার হবে জামালখানের সড়ক

চট্টগ্রামের ২১ নং জামালখান ওয়ার্ডের ১২ টি সড়কের উন্নয়নে তিন কোটি ৬৩ লক্ষ টাকার প্রকল্পের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার মেয়রের উদ্বোধন করা এ প্রকল্পের আওতায় জামালখানের লিচু বাগান, সিকদার হোটেলের উত্তর পাশের রাস্তা, মোমিন রোড, বিগ বাজারের পাশের রাস্তা, সবদর আলী বাড়ির সামনের রাস্তা, কাজীর দেউড়ী খোপাপাড়া লেইন, সানমার এলোভেরা এপার্টমেন্টের

পাশের রাস্তা, রহমতগঞ্জ বাই লেইন, চেরাগী পাহাড়ের মোড় থেকে কে.বি আবদুস সাতার রোড পর্যন্ত একপাশে ডেইন ফুটপাত মেরামত ও ফুটপাথে টাইলস স্থাপন, হেমসেন লেইনের ১নং গলি ও সাহারুদ্দিন সাহেবের বাড়ীর সামনের রাস্তা এবং আসকার দিঘীর পশ্চিম পাড়ু রিংকু কলোনীর রাস্তার উন্নয়ন করা হবে।

এসময় আরো উপস্থিত ছিলেন-চসিক কাউন্সিলর শৈবাল দাস সুমন, আবদুল মানান, সংরক্ষিত নারী কাউন্সিলর আনজুমান আরা বেগম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মুনিরুল হুদা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোহাম্মদ শাহীন উল ইসলাম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী ফারজানা মুক্তা, সহকারী প্রকৌশলী আসীর হামীমসহ স্থানীয় নেতৃবন্দ ও এলাকাবাসী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮